গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সেতু বিভাগ
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
সেতু ভবন, বনানী, ঢাকা
www.bba.gov.bd

স্মারক নং-৫০.০১.০০০০.১০৮.০৮.০০১.১২(ভ-২)- ১০২৯

তারিখ: ২৫ কার্তিক ১৪২৪
০৯ নভেম্বর ২০১৭

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের উন্নয়ন প্রকল্পের আওতাধীন "সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পে" সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (সরকারি বিধি মোতাবেক) জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী সাকুল্য বেতনে নিম্নবর্ণিত শর্তে জনবল নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও সাকুল্য বেতন (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১. | সহকারী প্রকৌশলী (সিভিল) গ্রেড-৯, বেতন: ৩৫,৬০০/- টাকা | ০১ | অনুর্ধ্ব-৩০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| ০২. | উপসহকারী প্রকৌশলী (সিভিল) গ্রেড-১০, বেতন: ২৭,১০০/- টাকা | ০২ | অনুর্ধ্ব-৩০ | সিভিল ইঞ্জিনিয়ারিং এ ০৪ (চার) বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণীর ডিপ্লোমা। |

**আবেদনের শর্ত ও নিয়মাবলী :**

০১. বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ওয়েবসাইটে www.bba.gov.bd তে প্রবেশ করে **eRecruitment** menu এর মাধ্যমে আগামী ১০.১২.২০১৭ইং তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে আবেদন করতে হবে।

০২. আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। ছবি ও স্বাক্ষরের সাইজ অবশ্যই ৫০ KB এর মধ্যে হতে হবে।

০৩. নির্ভুলভাবে আবেদনপত্র Submit করার পর প্রার্থী ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Auto Generated Registration Card এবং Payment Instruction পাবেন। প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে।

০৪. প্রার্থীকে পরীক্ষার ফি বাবদ (প্রতি আবেদনে) প্রদেয় সার্ভিজ চার্জসহ ১০২.০০ (একশত দুই টাকা) অফেরতযোগ্য বিকাশ (নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী) এর মাধ্যমে আবেদনপত্র Submit করার ৭২ ঘন্টার মধ্যে জমা দিতে হবে। অন্যথায় আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে। সফলভাবে আবেদন করার পর আবেদনকারীর মোবাইলে এসএমএস ও ইমেইলে (যদি দেয়া হয়ে থাকে) একটি User ID ও Password প্রেরণ করা হবে।

০৫. User ID এবং Password দিয়ে প্রার্থী নিজস্ব তথ্য উক্ত ওয়েবসাইট লিংক থেকে পনুরুদ্ধার করতে পারবেন।
বিকাশের মাধ্যমে টাকা পাঠানো প্রক্রিয়া:
১ম ধাপ: ডায়াল *২৪৭#;
২য় ধাপ: অপশন বেছে নিন: Payment;
৩য় ধাপ: বিকাশ মার্চেন্ট একাউন্ট লিখুন: ০১৭২৬১০২২৮৬;
৪র্থ ধাপ: টাকা পরিমাণ ১০২.০০ (একশত দুই টাকা);
৫ম ধাপ: রেফারেন্স নম্বর User ID (SMS এ প্রাপ্ত User ID টি প্রদান করুন);
৬ষ্ঠ ধাপ: সহকারী প্রকৌশলী (সিভিল) এর কাউন্টার নম্বর ১ এবং উপসহকারী প্রকৌশলী (সিভিল) এর কাউন্টার নম্বর ২ প্রযোজ্য);
৭ম ধাপ: লেনদেন নিশ্চিত করতে Pin নম্বর প্রবেশ করুন: XXXX (বিকাশ থেকে প্রাপ্ত SMS টি সংরক্ষণ করুন পরবর্তীতে যেকোন সমস্যা সমাধানের জন্য বিকাশ থেকে প্রাপ্ত Transaction ID টি প্রয়োজন হবে;
৮ম ধাপ: আবেদন ফি পরিশোধের পর পুনরায় www.bba.gov.bd তে প্রবেশ করে **eRecruitment** menu তে ক্লিক করে Payment Status চেক করা যাবে।

০৬. **প্রবেশপত্র প্রাপ্তির নিয়ম:** প্রবেশপত্র প্রাপ্তির জন্য www.bba.gov.bd ওয়েব সাইটে প্রবেশের পর **eRecruitment** menu তে ক্লিক করতে হবে। অত:পর Applicant Login বাটনে ক্লিক করে User ID ও Password প্রদান করে Applicant Dashboard-এ প্রবেশ করতে হবে। আবেদনকারীর ড্যাশবোর্ডে প্রবেশপত্র প্রস্তুত থাকলে এটি ডাউনলোড করে প্রিন্ট করার পর সংরক্ষণ করতে হবে।

০৭. বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের Website এবং প্রার্থীর মোবাইল ফোনে (Mobile) SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) পরীক্ষার তারিখ, স্থান ও সময় জানিয়ে দেয়া হবে।

০৮. বর্ণিত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মাসিক সাকুল্য বেতনে উন্নয়ন প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য নিয়োগ করা হবে।

চলমান পাতা-০২

০৯. ১০.১২.২০১৭ খ্রি: তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে শুধুমাত্র মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পোষ্য ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত প্রযোজ্য হবে। বয়স নিরুপনের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

১০. অসত্য/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তাঁর দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তাঁর বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর প্রার্থীকে নিম্নবর্ণিত কাগজপত্রাদির অনুলিপি ন্যূনতম প্রথম শ্রেণির গেজেটেড (৯ম গ্রেডের) সরকারি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে নির্ধারিত তারিখের মধ্যে উপ-পরিচালক (প্রশাসন), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, সেতু ভবন, নিউ এয়ারপোর্ট রোড, বনানী, ঢাকা-১২১২ ঠিকানায় জমা দিতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট ভাইভা বোর্ডে প্রদর্শনের জন্য মূল কাগজপত্র সঙ্গে আনতে হবেঃ

(ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে) এর কপি;

(খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

(গ) মুক্তিযোদ্ধা সন্তান বা পোষ্যদের স্বপক্ষে সনদপত্রের কপিসহ নিম্নবর্ণিত ছক মোতাবেক তথ্যাদি সংযুক্ত করতে হবে:

| ক্রমিক নম্বর | মুক্তিযোদ্ধার নাম | পিতার নাম | উপজেলা/ জেলার নাম | জন্ম তারিখ | মুক্তিবার্তা নম্বর গেজেটেড নম্বর ও তারিখ | সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর | মন্তব্য/সম্পর্ক |
|---|---|---|---|---|---|---|---|
| (০১) | (০২) | (০৩) | (০৪) | (০৫) | (০৬) | (০৭) | (০৮) |

(ঘ) প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

(ঙ) ডাউনলোডকৃত Applicant Copy এর সত্যায়িত কপি;

(চ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি।

১২। উপরোক্ত তথ্যাদি মোতাবেক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের অনুমতি দেয়া হবে।

১৩। নির্বাচনী/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। নির্বাচিত প্রার্থীদের বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা উন্নয়ন প্রকল্পে নিয়োগ সংক্রান্ত সরকারি বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

১৫। উন্নয়ন প্রকল্প সমাপ্তির সঙ্গে সঙ্গে চাকুরীর অবসান হবে। সে অনুযায়ী সংশ্লিষ্ট নিয়োগপত্রই চাকুরী অবসানের নোটিশ হিসেবে গণ্য হবে।

১৬। যে কোন পদ সংখ্যা কম/বেশী করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৭। বিজ্ঞপ্তিটি বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের **Web Site: www.bba.gov.bd** এ পাওয়া যাবে।

০৭/১১/১৭

(মীর নাহিদ আহসান)
উপ-পরিচালক (প্রশাসন)